# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
## ঢাকা-১০০০, বাংলাদেশ

*পরিচালক*

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৬৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭০৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৭/ডিআর- ৩০ (৩০) তারিখ-১৮/০৯/২০১৭

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IICT, IAT, ARI, CES, DCE
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

*বিষয়ঃ* ২০১৭ সালের জন্য ইউজিসি কর্তৃক গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে প্রাপ্ত একখানা পত্র ও তদসংযুক্তি আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হ'ল। এ বিষয়ে কমিশনের শর্তাবলীর আলোকে বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প প্রস্তাব নির্ধারিত প্রোফর্মায় ৫ কপি (৪ কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের জন্য এবং ১ কপি রেজিস্ট্রার অফিসের রেকর্ডের জন্য) আগামী ২৭শে সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, প্রকল্প প্রস্তাবনার Soft copy UGC'র আবেদন ফরমে উল্লেখিত বিষয়ভিত্তিক সরাসরি Email-এ প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এতদসংক্রান্ত প্রাপ্ত প্রস্তাবসমূহ একত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ০৫ই অক্টোবর, ২০১৭ইং তারিখে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন বরাবর পাঠানোর অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

গবেষণা প্রকল্প প্রস্তাব সম্পর্কিত যাবতীয় তথ্য website: www.ugc.gov.bd. থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. সেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডিএইআরএস

নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৭/ডিআর- ৩০ (৩০)/2 তারিখ-১৮/০৯/২০১৭

১। এপিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Drive-F/CASR Let/All Head (Bangla)/page-224/2017

1. e-mail link to all teachers (all pages)
sub: UGC Research Proposal 2017

2. I.F.
Mr. Aziz (1)
Mr. Mannan (2)

CSE

অতি জরুরি

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/২০১৬(ছায়ানথি-১)/ 9222 তারিখ : /২০১৭ খ্রিঃ

রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

**বিষয় ঃ ২০১৭ সালের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে ।**

জনাব,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট হতে প্রতিবছরের ন্যায় ২০১৭ সালের জন্য গবেষণা প্রকল্প আহ্বান করেছে। এতদসঙ্গে সংযুক্ত ২০১৭ সালের জন্য প্রকল্প আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ/বিভাগ/ইন্সটিটিউটে বহুল প্রচারের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। যে সকল বিশ্ববিদ্যালয়ে গবেষণা সেল রয়েছে, সেক্ষেত্রে পরিচালক, গবেষণা সেলকেও অবগত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

২। কমিশনের নিয়মাবলি সংবলিত নোটিশ, সাধারণ তথ্যাবলি, শর্তাবলি এবং প্রোফর্মা ইউজিসির ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি : বর্ণনামতে,

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

মোঃ আব্দুল ওহাব
উপপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/২০১৬(ছায়ানথি-১)/ তারিখ : /২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো-

১। ডিন, প্রকৌশল অনুষদ/ পুরকৌশল অনুষদ/যন্ত্রকৌশল অনুষদ/ স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ/তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২। পরিচালক, রিসার্চ সেল /ইন্সটিটিউট অব ওয়াটার এন্ড ফুড মেনেজমেন্ট/ইন্সটিটিউট অব এ্যাপ্রোপিয়েট টেকনোলজি/ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/অ্যাকসিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সংযুক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৩। একান্ত সচিব (উপ-সচিব) চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। ব্যক্তিগত কর্মকর্তা, সংশ্লিষ্ট সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৬। নথি।
৭। মহানথি।

24/04/2017

মোঃ আব্দুল ওহাব
উপপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০১৭ সালের জন্য মৌলিক গবেষণাকর্মে সহায়তা দানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প আহ্বান করা যাচ্ছে।

প্রকল্প প্রস্তাবনা কমিশনের নির্ধারিত প্রোফর্মা এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। ০১(এক) বছর মেয়াদি প্রকল্পের জন্য প্রকল্প পরিচালকের সম্মানী (১ মাসের মূল বেতনের সমপরিমাণ কিন্তু ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) ও ০১ জন গবেষণা সহকারী/ল্যাব এ্যাটেনডেন্ট/শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ প্রস্তাবিত বাজেট কলা/সামাজিক বিজ্ঞান/ব্যবসা প্রশাসন শাখার জন্য ২,৩০,০০০/-(দুই লক্ষ ত্রিশ হাজর) টাকা এবং জীব/ভৌত/রসায়ন /চিকিৎসা/প্রকৌশল/কৃষি (ক্রপ/লাইফ) শাখার জন্য ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলি ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

গবেষণা প্রকল্প প্রস্তাবের ৪ কপি বিভাগীয় প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ০৫/১০/২০১৭ইং তারিখের মধ্যে পাঠাতে হবে।

বিঃ দ্রঃ

(ক) সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক এবং উচ্চতর পদের নিয়োজিত শিক্ষকগণ একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন। এছাড়াও পিএইচডি ডিগ্রিধারী প্রভাষকগণও আবেদন করতে পারবেন।

(খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকা অবস্থায় নতুন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

(গ) প্রকল্পের বাজেট নির্ধারণের জন্য প্রকল্প পরিচালকের pay-slip প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে এবং প্রকল্প প্রস্তাবনা জমা দেয়ার সময় প্রাপ্য বেতনের ভিত্তিতে প্রকল্প পরিচালকের সম্মানী ভাতা নির্ধারণ করা হবে।

২৫/৮/১৭

মোঃ সামছুল আলম
পরিচালক
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ইউজিসি ঢাকা।

C:\Documents and Settings\RSP\Desktop\Project Invitation-2017\Project Invitation-2017.doc

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা অনুদানের শর্তাবলি

১। প্রকল্পের মেয়াদকাল ১২ মাস/১ বছর। প্রকল্পের ১ম কিস্তির টাকা ছাড়ের তারিখ থেকে প্রকল্পের মেয়াদ গণনা শুরু হবে। ১ বছরের প্রকল্প ১ বছরেই সমাপ্ত করতে হবে।

২। অনুমোদিত গবেষণা প্রকল্পের টাকা ২টি কিস্তিতে ছাড় করা হবে; মোট বাজেটের মধ্যে প্রকল্প পরিচালকের সম্মানী ব্যতীত অবশিষ্ট অর্থ ১ম কিস্তিতে ছাড়া করা হবে। ২য় কিস্তিতে প্রকল্প পরিচালকের সম্মানী ছাড় করা হবে। প্রকল্পের গবেষণা কাজ পরিচালনা/তত্ত্বাবধান করার জন্য প্রকল্প পরিচালক সম্মানী হিসেবে এক মাসের মূলবেতনের সমপরিমাণ (কিন্তু ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) অর্থ পাবেন।

৩। প্রকল্পের কাজে সহায়তা করার জন্য প্রকল্প পরিচালক ১জন গবেষণা সহকারী নিয়োগ দিতে পারবেন। গবেষণা সহকারী হিসেবে বিশ্ববিদ্যালয়ের কোনো এম.এস., এম.ফিল. বা পি এইচ ডি পর্যায়ের পূর্ণকালীন-ছাত্র বা শিক্ষককে গবেষণা কর্মকর্তা হিসাবে নিয়োগ দেয়া যেতে পারে। তবে অন্যকোনো উৎস থেকে সমমানের ফেলোশিপ প্রাপ্ত ছাত্রদেরকে নিয়োগ দেয়া যাবে না। শিক্ষক বা গবেষণা কর্মকর্তারা কেবলমাত্র নিজ প্রতিষ্ঠান থেকে ছুটি নিয়ে প্রকল্পের গবেষণা সহকারী হিসেবে কাজ করতে পারবেন। গবেষণা সহকারীকে ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রীধারী বা সমমানের হতে হবে এবং ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

৪। গবেষণা সহকারীর যোগদানের তারিখ, যোগদানপত্র, জীবন-বৃত্তান্ত ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটসমূহের সত্যায়িত কপি বিভাগীয় প্রধান ও রেজিস্ট্রারের মাধ্যমে সম্মতিপত্রের সাথে কমিশনে জমা দিতে হবে।

৫। গবেষণা সহকারীর নিয়োগপত্রে তার মাসিক সম্মানী উল্লেখ থাকতে হবে। প্রকল্প চলাকালীন সময় গবেষণা সহকারী পদত্যাগ করলে নতুন গবেষণা সহকারীর নিয়োগপত্র ও যোগদানপত্র যথানিয়মে কমিশনে প্রেরণ করতে হবে।

৬। গবেষণা সহকারীর মাসিক ভাতা ১০,০০০/- (দশ হাজার) টাকা হিসেবে সর্বোচ্চ ১২ মাস, তবে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকার উর্ধ্বে নয় এবং শ্রমিক/ল্যাব এ্যাটেনডেন্ট-এর মাসিক ভাতা ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা হারে, তবে ২১,০০০/- (একুশ হাজার) টাকার উর্ধ্বে নয়। উল্লেখ্য গবেষণা সহকারীর ভাতা বাবদ বরাদ্দকৃত ১,২০,০০০/- টাকা অন্য কোন খাতে স্থানান্তর করার সুযোগ নেই।

৭। কৃষি বিষয়ক গবেষণার ক্ষেত্রে গবেষণা সহকারী ও শ্রমিক ২টি পদেই লোক নেয়া যেতে পারে।

৮। প্রকল্পের মেয়াদ ১ বছর পূর্ণ হওয়ার পর চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে হবে। চূড়ান্ত প্রতিবেদনে প্রকল্পে নিয়োজিত গবেষণা সহকারী/সহকারীদের পরিচয়সহ কর্মকাল এবং গবেষণা কাজে তার অবদান উল্লেখ থাকতে হবে। সেইসাথে ১ম কিস্তি বাবদ ছাড়কৃত অর্থ কমিশনের অর্থ ও হিসাব বিভাগের ২৫ জুলাই, ২০১২ তারিখের ফিন্যান্স -৭/৫৭-নং পত্র অনুযায়ী খরচ করা হয়েছে, এ মর্মে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ থেকে একটি প্রত্যয়নপত্র পাঠাতে হবে।

৯। চূড়ান্ত প্রতিবেদনের সাথে 'বি' ও 'সি' ফরমসহ প্রয়োজনীয় তথ্যাবলি প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের খাতভিত্তিক ব্যয় বিবরণী এবং বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক ব্যয়কৃত অর্থ সমন্বয়ের প্রত্যয়নপত্র চূড়ান্ত প্রতিবেদনে সংযোজন করতে হবে।

১০। চূড়ান্ত প্রতিবেদন বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে কমিশন কর্তৃক গৃহীত হওয়ার পর ২য় ও শেষ কিস্তির অর্থ (প্রকল্প পরিচালকের সম্মানী) ছাড় করা হবে।

১১। চূড়ান্ত প্রতিবেদন (প্রয়োজন হলে) বিশেষজ্ঞ পরামর্শ অনুযায়ী পরিবর্তন, পরিমার্জন, সংযোজন, বিয়োজন করতে হবে।

১২। চূড়ান্ত প্রতিবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দিলে ১৫দিন সময় দিয়ে সর্বোচ্চ ৩টি তাগিদপত্র দেয়া হবে। সর্বশেষ তাগিদপত্রটি চূড়ান্ত তাগিদপত্র হিসেবে গণ্য হবে।

১৩। চূড়ান্ত তাগিদপত্র দেয়ার পরও চূড়ান্ত প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হলে প্রকল্পটি বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে প্রকল্পের অনুকূ ছাড়কৃত সমুদয় অর্থ ফেরত দিতে প্রকল্প পরিচালক বাধ্য থাকবেন। নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রকল্প পরিচালকের নিকট থেকে অথ ফেরৎ পাওয়া না গেলে মঞ্জুরী কমিশন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় বাজেট থেকে উক্ত টাকা কেটে রাখতে পারবে।

১৪। গবেষণা কাজের জন্য কমিশন কর্তৃক অনুমোদিত আর্থিক অনুদানের টাকায় ক্রয়কৃত যে কোন বৈজ্ঞানিক যন্ত্রপাতি , গ্রন্থাগারসামগ্রী ইত্যাদি বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট এর সম্পত্তি বলে গণ্য হবে। এসব সামগ্রী ক্রয় করার পর তা' বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের/গ্রন্থাগারের Accession Register এ লিপিবদ্ধ করতে হবে। এগুলো বিভাগে/গ্রন্থাগারে গৃহীত হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে একটি প্রত্যয়নপত্র কমিশনে পাঠাতে হবে। অনুদান গ্রহণকারী তাঁর গবেষণা কাজের সুবিধার জন্য ওই সকল সামগ্রী প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী নিজ নামে ইস্যু করে ব্যবহার করতে পারবেন।

১৫। প্রকল্পের কাজ চলাকালীন সময়ে অন্য কোনো প্রকল্পের কাজে হাত দেয়া বা কাজ অসমাপ্ত রেখে দীর্ঘ দিনের জন্য (তিন মাসের বেশি) বিদেশে গমনের পূর্বে প্রকল্প পরিচালককে কমিশনের অনুমতি নিতে হবে। বিদেশ গমনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই মর্মে নিশ্চিত হবেন যে, প্রকল্প পরিচালক কমিশন থেকে গৃহীত অর্থের পূর্ণ হিসাব দাখিল করেছেন এবং উদ্বৃত্ত অর্থ (যদি থাকে) ফেরত দিয়েছেন।

১৬। প্রকল্প পরিচালকের কর্মস্থল/বিশ্ববিদ্যালয় পরিবর্তন হলে অবশ্যই প্রকল্প স্থানান্তরের বিষয়টি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে কমিশনকে তা অবহিত করতে হবে।

১৭। প্রকল্প চলাকালীন সময়ে কোনো গবেষক চাকুরি থেকে অব্যহতি নিলে কিংবা চাকুরি থেকে অবসর গ্রহণ করলে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের সমন্বয়ের দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বহন করতে হবে।

১৮। বিশ্ববিদ্যালয়সমূহের অন্যান্য আর্থিক লেন-দেনের মতো কমিশনের গবেষণা সংক্রান্ত যাবতীয় আর্থিক লেন-দেনের বিষয়টিও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষণ (Internal audit) ও সরকারী নিরীক্ষণের আওতাভূক্ত হবে।

১৯। কমিশনের আর্থিক সাহয্যে সম্পাদিত গবেষণা কাজের ফলাফল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট গবেষককে কমিশনের পূর্ব অনুমতি নিতে হবে এবং সকল প্রকাশনার ক্ষেত্রে কমিশনের আর্থিক অনুদানের কথা উল্লেখ থাকতে হবে।

২০। গবেষণা কর্মের প্রতিবেদন স্বীকৃত Peer reviewed সাময়িকীতে প্রকাশনার জন্য প্রকাশিত প্রবন্ধের এক কপি কমিশনে জমা দিলে প্রকল্প পরিচালককে এজন্য এক হাজার টাকা সম্মানী প্রদান করা হবে।

উপরের বর্ণিত শর্তাবলি সাপেক্ষে প্রকল্পের কাজ গ্রহণ করলাম।

| অফিসের সীল মোহরসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর | বিভাগীয় প্রধানের স্বাক্ষর | গবেষণা অনুদান গ্রহণকারীর পুরো নাম ও স্বাক্ষর |
|---|---|---|

নাম.............................................................

পদবি...........................................................

বিভাগ...........................................................

বিশ্ববিদ্যালয় .....................................................

তারিখঃ

সংযোজনী -

১। ফরম 'বি' ও 'সি'

২। আর্থিক খরচের হিসাব নির্দেশিকা

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা কার্যক্রম সংক্রান্ত সাধারণ তথ্যাবলি

১। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা অনুদানের জন্য আবেদন করার সময় প্রকল্প পরিচালক নিম্নলিখিত বিষয়গুলির পূর্ণ বিবরণসহ তাঁর গবেষণার পরিকল্পনা পেশ করবেন।

(ক) প্রস্তাবিত অথবা অনুরূপ বিষয়ে ইতিপূর্বে কোনো গবেষণা কাজ কেউ করে থাকলে এবং তা কোনো পত্র-পত্রিকায় প্রকাশিত হয়ে থাকলে তার বিবরণ।

(খ) প্রস্তাবিত গবেষণার রূপরেখা

( গ) গবেষণার উদ্দেশ্যাবলি

(ঘ) গবেষণা পদ্ধতি

(ঙ) গবেষণালব্ধ ফলাফলের সম্ভাব্য ব্যবহার/কার্যকারিতা

২। যে সকল প্রতিষ্ঠানে গবেষণার মৌলিক সুযোগ-সুবিধা বিদ্যমান আছে কেবলমাত্র সেই সব প্রতিষ্ঠানেই গবেষণা কাজের অনুমোদন দেয়া হবে। সুতরাং গবেষণা প্রকল্প কমিশনে দাখিল করার সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে গবেষণার মৌলিক সুযোগ-সুবিধা বিদ্যমান আছে, এই মর্মে প্রকল্প পরিচালক কমিশনকে অবহিত করবেন।

৩। গবেষণা প্রকল্প সংক্রান্ত যাবতীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে কমিশন অফিসে পাঠাতে হবে।

৪। গবেষণা প্রস্তাবের ৪(চার) কপি কমিশনে পাঠাতে হবে।

৫। কমিশন স্বল্প মেয়াদি (এক বছর) গবেষণা প্রকল্পকেই উৎসাহিত করে থাকে। প্রকল্পের খাতওয়ারী খরচের হিসাব (গবেষণা সহকারী, যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদি ইত্যাদি) দেখাতে হবে।

৬। প্রকল্পের গবেষণা কাজ পরিচালনা/ তত্ত্বাবধান করার জন্য শুধুমাত্র প্রকল্প পরিচালক ১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (কিন্তু ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) সম্মানী পাবেন। প্রকল্প কাজে সহায়তার জন্য ১জন গবেষণা সহকারী নিয়োগ করা যাবে তবে গবেষণা সহকারী হিসাবে বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্ণকালীন শিক্ষক/কর্মচারি কাজ করতে পারবেন না। গবেষণা সহকারীর নিয়োগপত্র জীবন বৃত্তান্তসহ নিয়োগের পর পরই কমিশনে পাঠাতে হবে।

৭। গবেষণা প্রকল্প চূড়ান্তভাবে কমিশন কর্তৃক গৃহীত হওয়ার পর প্রকল্প পরিচালক কমিশনের আর্থিক অনুদান গ্রহণের শর্তাবলিপত্র যথাযথভাবে পূরণ করে পাঠালে কমিশন প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করবে।

৮। সাধারণত ঃ কমিশন থেকে প্রকল্পের প্রথম কিস্তির অর্থ ছাড়করণের তারিখ থেকে প্রকল্পের মেয়াদ গণনা করা হবে। ১ বছরের প্রকল্প ১ বছরেই শেষ করতে হবে এবং চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। প্রকল্পের টাকা ২(দুই) কিস্তিতে ছাড় করা হবে। ১ম কিস্তিতে মোট বাজেটের মধ্যে প্রকল্প পরিচালকের সম্মানী ব্যতীত অবশিষ্ট অর্থ ছাড় করা হবে। চূড়ান্ত প্রতিবেদন বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে কমিশন কর্তৃক গৃহীত হওয়ার পর প্রকল্পের ২য় ও শেষ কিস্তির অর্থ (প্রকল্প পরিচালকের সম্মানী) ছাড় করা হবে।

৯। প্রকল্প পরিচালক ১জন গবেষণা সহকারী নিয়োগ করতে পারবেন। গবেষণা সহকারীকে ৪(চার) বছরের স্নাতক ডিগ্রীধারী বা সমমানের হতে হবে এবং ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। গবেষণা সহকারীর মাসিক ভাতা ১০,০০০/- টাকা হারে (সর্বোচ্চ ১ বছরের জন্য) প্রদানের ব্যবস্থা রয়েছে।

১০। কৃষি বিষয়ক গবেষণার ক্ষেত্রে গবেষণা সহকারী ও শ্রমিক ২টি পদেই লোক নেয়া যেতে পারে। এক্ষেত্রে শ্রমিকের জনপ্রতি মাসিক পারিশ্রমিক কোন অবস্থাতে ৩,৫০০/- টাকা তবে ২১,০০০/- টাকার উর্ধ্বে হতে পারবে না এবং দৈনিক ভিত্তিতে মজুরি সরকারি হার প্রযোজ্য হবে।

১১। কমিশনের আর্থিক সাহায্যে সম্পাদিত গবেষণা কাজের ফলাফল প্রকাশনার জন্য সংশ্লিষ্ট গবেষককে কমিশনের পূর্ব অনুমতি নিতে হবে এবং সকল প্রকাশনার ক্ষেত্রে কমিশনের আর্থিক অনুদানের কথা উল্লেখ থাকতে হবে।

১২। কমিশনের অর্থায়নে পরিচালনাধীন গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন জমা না দেয়া পর্যন্ত প্রকল্পের পরবর্তী অর্থ ছাড় করা হবে না।